

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়
তালা, সাতক্ষীরা।

fisheries.tala.satkhira.gov.bd

স্মারক নং: ৩৩.০২.৮৭৯০.৫০১.১৯.০০৩.২৪.১২১

তারিখঃ ৩১/০৭/২০২৫ খ্রি.

সতর্কীকরণ নোটিশ

এতদ্বারা তালা উপজেলার সকলকে জানানো যাচ্ছে যে, মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ এবং বিধিমালা ১৯৮৫ অনুযায়ী কোন ব্যক্তি ফিক্সড ইঞ্জিন বা স্থায়ী স্থাপনা (চরঘেরা, বানা, চায়না দুয়ারী, বাঁধা জাল, ভেসাল জাল ইত্যাদি) তৈরি, বুনন, ক্রয়-বিক্রয়, পরিবহন, মজুদ করবেন না বা কোন মুক্ত জলাশয়ে স্থাপনা/নির্মাণ বা ব্যবহার করবেন না। **বিধি-০৩**

কোন ব্যক্তি কারেন্ট জাল তৈরি, বুনন, আমদানি, বাজারজাতকরণ, মজুদ, বহন, পরিবহন, অধিকার, দখল বা ব্যবহার করতে পারবেন না।
ধারা-৪ ক (১)

*** আইন অমান্যকারীর শাস্তি**

ধারা-৩ এর অধীনে প্রণীত উপরোক্ত কোন বিধি লঙ্ঘন করলে অনধিক ০২(দুই) বছর পর্যন্ত সশ্রম কারাদন্ড অথবা অনধিক ০৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত অর্থদন্ড অথবা উভয় দন্ডে দন্ডিত হবেন। **[শাস্তির ধারা-৫(১)]**

ধারা ৪(ক) তে বর্ণিত কোন নিষেধাজ্ঞা (কারেন্ট জাল সংক্রান্ত) লঙ্ঘনের ক্ষেত্রে.....

* কোন ব্যক্তি কারেন্ট জাল তৈরি, বুনন, আমদানি, বাজারজাত বা মজুদ করলে অনধিক ০৩ (তিন) বছর পর্যন্ত সশ্রম কারাদন্ড এবং অনধিক ১০ (দশ) লক্ষ টাকার অর্থদন্ডে দন্ডিত হবেন। **[শাস্তির ধারা, ৫(২)ক]**

* কোন ব্যক্তি কারেন্ট জাল বহন, পরিবহন, অধিকার, দখল বা ব্যবহার করলে অনধিক ০১ (এক) বছর পর্যন্ত সশ্রম কারাদন্ড অথবা ০২ (দুই) লক্ষ টাকা পর্যন্ত অর্থদন্ড অথবা উভয় দন্ডে দন্ডিত হবেন। **[শাস্তির ধারা- ৫(২)খ]**

মেসার্স-----

প্রোগ্রাম-----

তালা, সাতক্ষীরা।

(মো: তারিক ইমাম)

আইডি নং-০০৮৫৫

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার (নি.বে.)

তালা, সাতক্ষীরা।